দৈনিক বাংলা

তারিখ 23 OCT 1991
পৃষ্ঠা ২ কলাম ৫

২৬

৩৪

# বুয়েটের ঘটনা তদন্তে এক সদস্যের কমিটি

বাংলাদেশ কারিগরি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ১৯শে অক্টোবরের ঘটনার তদন্ত অনুষ্ঠানে সাবেক প্রধান বিচারপতি সুলতান হোসেন খানের নেতৃত্বে এক সদস্যের একটি তদন্ত কমিটি গঠনের কথা সরকার গতকাল ঘোষণা করেছেন। খবর বাসসর।

কমিটি যথাশীঘ্র সম্ভব তার রিপোর্ট পেশ করবেন।

(৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## বুয়েটের ঘটনা

(প্রথম পৃঃ পর)

**স্বরাষ্ট্রমন্ত্রী**

বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে সন্ত্রাস ও সহিংস তৎপরতা নির্মূল করতে কঠোর ব্যবস্থা গ্রহণে স্বরাষ্ট্রমন্ত্রী আবদুল মতিন চৌধুরী গতকাল সরকারের দৃঢ়সংকল্পের কথা ব্যক্ত করেন।

এ ব্যাপারে সরকারের প্রতি পূর্ণ সমর্থন ও সহযোগিতাদানের জন্য তিনি জনগণের প্রতি আহবান জানান।

মন্ত্রী বাংলাদেশ সচিবালয়ে বুয়েটের ভাইস চ্যান্সেলর, ডীন, সিন্ডিকেট সদস্য এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও পুলিশের উচ্চপদস্থ কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করছিলেন।

বৈঠকে বুয়েট ক্যাম্পাসের সাম্প্রতিকতম পরিস্থিতি ও সেখানে সহিংস তৎপরতা বন্ধের জন্য বিভিন্ন কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

মন্ত্রী সকল শিক্ষা প্রতিষ্ঠানে সম্প্রীতিপূর্ণ শিক্ষার পরিবেশ পুনরুদ্ধার ও রক্ষার প্রয়োজনীয়তার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। তিনি দ্ব্যর্থহীন কণ্ঠে বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার সন্ত্রাসবাদীদের বিরুদ্ধে তাদের দলমত নির্বিশেষে কঠোর ব্যবস্থা গ্রহণে দ্বিধা করবে না।

ক্যাম্পাসে সন্ত্রাসবাদের ঘটনাকে মারাত্মক অপরাধ বলে উল্লেখ করে দেশের স্বার্থকে সবকিছুর উর্ধ্বে রেখে সন্ত্রাস নির্মূল করতে তিনি সকল মহলের নিকট সনির্বন্ধ অনুরোধ জানান।

বুয়েটের ভাইস চ্যান্সেলর ও শিক্ষকবৃন্দ আলোচনায় অংশ নেন ও এ ব্যাপারে সরকারের সঙ্গে তাদের পূর্ণ সহযোগিতার আশ্বাস প্রদান করেন।